বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯
ই-মেইলঃ-dgmsme@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ

নং-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪ (এসএমই)-১১(৪)/২০২২-২০২৩/ ১০৩৭(১২৫০) তারিখঃ ৩০/১০/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত সিএমএসএমই খাতে মেয়াদী ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখ ১৯/০৭/২০২২ প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে, যা অত্র বিভাগের সার্কুলার লেটার নং-১৩২(১২৫০), তারিখঃ ২১/০৭/২০২২ মূলে জারি করা হয়েছে।

০২। উপরোক্ত সার্কুলার মোতাবেক বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম ঘোষনা করা হয়েছে, যা আবর্তনশীল হিসাবে পরিচালিত হবে। অত্র বিভাগের পত্রসূত্র নং-৫৭৯(১২৫০), তারিখঃ ৩১/০৮/২০২২ মোতাবেক উক্ত স্কিমের আওতায় বিকেবি'র জন্য বরাদ্দকৃত লক্ষ্যমাত্রা ৩৮০.০০ কোটি টাকা মাঠ পর্যায়ে বন্টনপূর্বক উপখাত বরাদ্দ প্রদান করে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়েছে। জারিকৃত নীতিমালা ও নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ না করলে পুনঃঅর্থায়ন প্রাপ্তিতে জটিলতা দেখা দিতে পারে। তদপ্রেক্ষিতে আলোচ্য স্কিমের আওতায় অর্থায়ন ও পুনঃঅর্থায়ন প্রাপ্তির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরনীয় হবেঃ

ক) সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০১৯ এর আলোকে সংজ্ঞায়িত সকল কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাগন এ স্কিমের আওতায় অর্থায়নের যোগ্য বলে বিবেচিত হবেন। তবে ক্লাস্টার অর্থায়ন ও নারী উদ্যোক্তা খাতকে অধিকতর গুরুত্ব দিয়ে অর্থায়ন করতে হবে;

খ) ট্রেড লাইসেন্সে উল্লেখিত প্রতিষ্ঠানের নামে ঋণ মঞ্জুরীপত্র ইস্যু করতে হবে এবং একই নামে ঋণ হিসাব খুলতে হবে (মঞ্জুরিপত্রের নমুনা কপি সংযুক্তি-ক) ;

গ) জাতীয় পরিচয়পত্রে গ্রাহকের নামের সাথে ট্রেড লাইসেন্স, ঋণ আবেদন ফরম, ঋণ মঞ্জুরিপত্রসহ সকল স্থানে গ্রাহকের নামের মিল থাকতে হবে ;

ঘ) ঋণের ধরণ হবে মেয়াদী। ঋণ হিসাবে কোন প্রকার লেনদেন করা যাবে না বা কোনরূপ চেকবই ইস্যু করা যাবে না ; সর্বোচ্চ ৬ মাসের গ্রেস পিরিয়ডসহ ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ ৫ বছর ;

ঙ) উদ্যোগের ধরণ/ব্যবসায়ের প্রকৃতির উপর ভিত্তি করে ঋণ আদায়ের ক্ষেত্রে মাসিক/ ত্রৈমাসিক/ ষাণ্মাসিক ভিত্তিতে কিস্তি নির্ধারিত হবে। ঋণ মঞ্জুরিপত্রে কিস্তির সংখ্যাসহ ঋণের মেয়াদকাল উল্লেখ করতে হবে ;

চ) সহায়ক জামানত ব্যতিরেকে ঋণ প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকসহ অত্র ব্যাংকের নিজস্ব নীতিমালা অনুসরণ করতে হবে;

ছ) সহায়ক জামানত ব্যতিরেকে ঋণ প্রদানের ক্ষেত্রে Mamorandum of deposit of Cheque সহ প্রয়োজন মোতাবেক অগ্রিম তারিখযুক্ত চেক গ্রহন করতে হবে এবং বিষয়টি ঋণ মঞ্জুরিপত্রে উল্লেখ থাকতে হবে ;

জ) ঋণ মঞ্জুরীপত্রে স্কীমের নাম সুনির্দিষ্টভাবে উল্লখে থাকতে হবে ;

ঝ) উদ্যোক্তার নিকট হতে ঋণের সদ্ব্যবহার সংক্রান্ত ঘোষণা পত্র গ্রহণ করতে হবে ( নমুনা সংযুক্তি-খ মোতাবেক)।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক এবং অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক সিএমএসএমই খাতে ঋণ বিতরণ করতে হবে। পাশাপাশি পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে বিতরণকৃত মেয়াদী ঋণের মঞ্জুরিপত্র, লোন স্টেটমেন্ট, ট্রেড লাইসেন্স, গ্রাহকের জাতীয় পরিচয়পত্র, ঋণ ব্যবহারের ঘোষণাপত্র ও প্রয়োজনীয় সংযুক্তিসহ মাসিক ভিত্তিতে বিবরণী মাসান্তে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, কোন বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে অত্র বিভাগের মুখ্য কর্মকর্তা জনাব মোঃ সাইফুল ইসলাম ( মোবাইলঃ ০১৭৭২-২৪০৪৪৪) এর সাথে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

৩০/১০/২০২২

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত সিএমএসএমই খাতে মেয়াদী ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম প্রসঙ্গে।

সূত্র নং-প্রকা/ক্রেঃবিঃ /এসএমই (শাখা-৪)/১১(৪)/২০২২-২০২৩/ ২০৯৭(১২৫০) তারিখঃ ৩০/১০/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Mhossain
৩০/১০/2022
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

# ঋণ ব্যবহার সংক্রান্ত ঘোষণাপত্র

এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত সিএমএসএমই খাতে ২৫০০০ কোটি টাকার মেয়াদী ঋণ স্কীমের আওতায় মেসার্স -------------------------------- এর অনুকূলে গৃহিত -------------------/- (কথায়ঃ ..................) লক্ষ টাকা দিয়ে আমার দোকানের ঘর বড় / দোকান ঘর সাজানো/ গরুর বাছুর ক্রয়/ পুকুর খনন /................../.................. করা হবে।

প্রতি স্বাক্ষরিতঃ
শাখা ব্যবস্থাপক

(----------------------)
মেসার্স --------------------
ঠিকানাঃ ---------------------

বাংলাদেশ কৃষি ব্যাংক

-----------শাখা।

--------- অঞ্চল।

## মঞ্জুরীপত্র (শাখা হতে ঋণ গ্রহিতা)

নং:

তারিখ:

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং- ০৪, তারিখঃ ১৯/০৭/২০২২ মোতাবেক ২৫,০০০ (পঁচিশ) হাজার কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় মেসার্স ------------------------------ এর অনুকূলে এসএমই খাতে -----------------টাকা মেয়াদী ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার -----------তারিখের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখঃ ১৯/০৭/২০২২ মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক মেসার্স ------------------------------ এর অনুকূলে এসএমই'র আওতায় ------------------ টাকা মেয়াদী ঋণ নিম্নোক্ত শর্তে মঞ্জুর করা হয়েছে।

| | | | |
|---|---|---|---|
| ১। | ঋণের ধরণ | ঃ | বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং- ০৪, তারিখঃ ১৯/০৭/২০২২ মোতাবেক এসএমই'র আওতায় মেয়াদী ঋণ। |
| ২। | মঞ্জুরীকৃত ঋণের বিভাজন | ঃ | --------------- টাকা (স্থানীয় মুদ্রায়) |
| ৩। | ঋণের খাতওয়ারী বিভাজন | ঃ | ক) দায়বন্ধকি ঃ ----------- টাকা।<br>খ) পণ্যবন্ধকি ঃ ----------- টাকা। মোটঃ ------------------- টাকা। |
| ৪। | ঋণ মার্জিন অনুপাত | ঃ | ------ ঃ ---------- । |
| ৫। | ঋণ বিতরণ পদ্ধতি | ঃ | ব্যাংকের প্রচলিত নিয়মে। প্রতিষ্ঠানের উৎপাদন/ব্যবসার ধরন অনুযায়ী এক বা একাধিক কিস্তিতে বিতরণযোগ্য। একাধিক কিস্তিতে বিতরণযোগ্য ঋণের ক্ষেত্রে পূর্ববর্তী কিস্তির টাকার সদ্ব্যবহার নিশ্চিত হওয়া সাপেক্ষে পরবর্তী কিস্তির টাকা ছাড়করণ করা হবে। |
| ৬। | জামানত/ সহায়ত জামানত | | এল,এফ-৫ মোতাবেক প্রচলিত নিয়ম অনুযায়ী প্রস্তাবিত জামানতি সম্পত্তি ব্যাংকে বন্ধক থাকবে। |
| ৭। | জামানত / সহায়ক জামানতের উপর চার্জ | ঃ | ব্যাংকের প্রচলিত নিয়মে প্রথম চার্জ সৃষ্টি করতে হবে। |
| ৮। | দলিল সম্পাদন | ঃ | সংযুক্তি 'ক' মোতাবেক। |
| ৯। | সুদের হার | ঃ | বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখঃ ১৯/০৭/২০২২ মোতাবেক গ্রাহক পর্যায়ে এ ঋণের সুদের হার হবে সর্বোচ্চ ৭.০০%। ঋণ হিসাবটি মঞ্জুরীপত্রের শর্তানুযায়ী পরিচালিত না হলে এবং ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগের হিসাব পরিপত্র নং-০৭/২০২০ মোতাবেক ঋণটি খেলাপী হলে খেলাপী ঋণের বিপরীতে অতিরিক্ত ২% হারে সুদারূপ করা হবে। |
| ১০। | ঋণের মেয়াদ | ঃ | সর্বোচ্চ ৩ / ৬ মাসের গ্রেস পিরিয়ডসহ ঋণের মেয়াদ ১৮/২৪/৩৬/৪৮/৬০ মাসের অধিক হবে না। শিল্প/সেবা/ব্যবসার ধরণ মোতবেক ঋণের মেয়াদ নির্ধারিত হবে। |
| ১১। | পরিশোধ পদ্ধতি | ঃ | গ্রেস পিরিয়ড বাদে মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক ভিত্তিতে সুদসহ কিস্তি আদায়যোগ্য। অতিরিক্ত আদায়যোগ্য পাওনা সর্বশেষ কিস্তির সাথে এককালিন আদায় করতে হবে। |
| ১২। | বীমা | ঃ | ব্যাংকের প্রচলিত নিয়মে বীমা করিতে হইবে। |
| ১৩। | ঋণ তত্ত্বধান/পরিধারণ | ঃ | ব্যাংকের প্রচলিত নিয়মে। |
| ১৪। | ঋণ পরিশোধ | ঃ | এসএমইএসপিডিসার্কুলার নং-০৪, তারিখঃ১৯/০৭/২০২২ মোতাবেক। |
| ১৫। | ঋণের ব্যবহার | ঃ | উদ্যোক্তার ঘোষণা মোতাবেক; |
| ১৬। | অন্যান্য শর্তাবলী | ঃ | সংযুক্তি 'ক' মোতাবেক। |

উপরোক্ত শর্তসমূহ ব্যতিরেকে ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন সময়ে আরো নূতন শর্ত আরোপ করার ক্ষমতা রাখে বা মঞ্জুরিকৃত ঋণ প্রদান বন্ধ/বাতিল করার বা ঋণের সমুদয় টাকা ফেরত চাওয়ার সর্বময় ক্ষমতা সংরক্ষন করে। উল্লেখিত শর্তসমূহ আপনার নিকট গ্রহনযোগ্য হলে মঞ্জুরীপত্রের কপিতে "পড়িয়া বুঝিলাম এবং শর্তসমূহ পরিপালনের জন্য স্বীকারোক্তি করিলাম" লিখে স্বাক্ষর প্রদান করতঃ আগামী ------------ তারিখের মধ্যে শাখার নিকট ফেরত পাঠাইতে হবে।

আপনারবিশ্বস্ত

(স্বাক্ষর)

নামঃ

পদবীঃ ব্যবস্থাপক।

কর্মস্থলঃ

সংযুক্তি-'ক'

বাংলাদেশ কৃষিব্যাংক

-----------শাখা।

--------- অঞ্চল।

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং- ০৪, তারিখঃ ১৯/০৭/২০২২ মোতাবেক ২৫,০০০ (পঁচিশ) হাজার কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় মেসার্স ------------------------------ এর অনুকূলে এসএমই খাতে -----------------টাকা মেয়াদী ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।

মেয়াদী ঋণের বিশেষ শর্তাবলীঃ

(ক) প্রতিষ্ঠানেরনাম ও অবস্থান ঃ

(খ) জামানত/সহযোগীজামানত ঃ

(১) প্লেজ/হাইপোথিকেশন;

(২) বন্ধকী দলিল (এল,এফ-১৩) শাখার পূর্বানুমান প্রতিবেদন (এল,এফ-৫) অনুযায়ী প্রস্তাবিত জামানতি সম্পত্তি যথানিয়মে বন্ধক থাকবে। তাছাড়া প্রকল্প/প্রতিষ্ঠানের সকল স্থাপনা ও যন্ত্রপাতি, বর্তমান ও ভবিষ্যৎ সম্পদাদি ইত্যাদি বন্ধক থাকবে;

(৩) হলফনামা (এল,এফ-৯);

(৪) পাওয়ার অব এটর্নী, বন্ধককৃত সম্পত্তি সরাসরি নিলামে বিক্রির জন্য আইন বিভাগ কর্তৃক জারীকৃত ঋণ আদায় মহাবিভাগ পরিপত্রনং- ০৯/২০০৫, তারিখ ২০/১১/২০০৫ অনুযায়ী;

(৫) স্বত্ব দলিলাদি জমা দেয়ার স্মারকলিপি (এল,এফ-১৯) পৌর এলাকার জমি বন্ধক নেয়াহলে;

(৬) স্বত্বাধিকারীর প্রতিষ্ঠা সংক্রান্ত অবহিতকরন পত্র (এল,এফ-৪৪);

(৭) আইন বিভাগের পত্রনং-প্রকা/আইন-১০৫৯/০৫-০৬/৪৫৮(১২৫০), তারিখ ১৩/০৯/২০০৫ অনুযায়ী বন্ধকী সম্পত্তির ২৫ বছরের মালিকানা লিপিবদ্ধকরন ও দলিলায়ন সম্পাদন করতে হবে;

(৮) জামানতবিহীন ঋণের ক্ষেত্রে ব্যাংকের নিজস্ব নীতিমালা অনুসরণপূর্বক প্রয়োজনীয় সংখ্যক অগ্রিম তারিখযুক্ত স্বাক্ষরিত চেক (Mamorandum of deposit of Cheque) গ্রহণ করতে হবে।

(গ) দলিলপত্র সম্পাদন (Documentation) (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

(১) ডিপি নোট একক ও যৌথভাবে;

(২) লেটার অবকনটিনিউটি (এলএফ-৬০ই);

(৩) রিভাইভাল লেটার (এলএফ-৬০জি);

(৪) সকল পরিচালকদের/উদ্যোক্তাদের নিকট হতে ব্যক্তিগত গ্যারান্টি একক ও যৌথ নামে (এলএফ-৬০আই);

(৫) পরিচালকদের/উদ্যোক্তাদের সম্পদ ও দায়ের ঘোষনা (পৃথকপৃথকভাবে);

(৬) ঋণ হিসাবের স্থিতিনিশ্চয়নপত্র;

(৭) দলিল সম্পাদনের ২১ (একুশ) দিনের মধ্যে রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানিতে চার্জ সৃষ্টি করতে হবে (কোম্পানি/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য);

(৮) ব্যাংকের সাথে দলিলাদি সম্পাদন ও ঋণ গ্রহনের জন্য রেজুলেশন (কোম্পানী/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য);

(৯) ক) মালামাল হাইপোথিকেশন (এলএফ-৬০বি/এলএফ-৬০সি);
খ) হাইপোথিকেশন অব ডেট্স এন্ড এ্যাসেট্স (এলএফ-৬০ডি);

(১০) অন্য কোথাও বন্ধক/চার্জ সৃষ্টি করবেন না মর্মে কোম্পানী/উদ্যোক্তা থেকে অংগীকার নামা;

(১১) ষ্টক থেকে মালামাল চুরি, ঘাটতি হলে তার দায়-দায়িত্ব উদ্যোক্তার/কোম্পানীর উপর বর্তাবে মর্মে ঘোষনা;

(১২) ব্যাংক কর্তৃক ব্যবসায়ের ব্যবস্থাপনা, স্থায়ী সম্পদ বিক্রি অথবা উপ-বন্ধক প্রদান করতে পারার বিষয়ে ঋণগ্রহীতার ক্ষমতা অর্পনপত্র;

(১৩) লেটার অব ডিসক্লেইমার (এলএফ-৬০এফ) গোডাউন ভাড়ার ক্ষেত্রে;

(১৪) গুদামের ব্যবহারিক দখলীস্বত্ব উদ্যোক্তা কর্তৃক ব্যাংকের বরাবরে হস্তান্তরের ক্ষমতাদান (প্রযোজ্য ক্ষেত্রে);

(১৫) রেজিস্টার্ড পার্টনারশীপ দলিল (অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে);

(১৬) সম্মতিপত্র (Letter of Acceptance);

(১৭) অন্যান্য প্রযোজ্য দলিলাদি।

- এছাড়াও মেয়াদী ঋণের ক্ষেত্রে প্রযোজ্য অন্যান্য দলিলাদি।

(ঘ) অপারেশন পরিপত্রনং- ১২১/৯৩, তারিখ ০৫/১২/৯৩ মোতাবেক 'টাস্ক ফোর্স' কর্তৃক ঋণটি তদারকী করতে হবে এবং ভবিষ্যতে ঋণ প্রস্তাবের সাথে অবশ্যই টাস্কফোর্স প্রতিবেদন পাঠাতে হবে।

(ঙ) পরিদর্শন ঃ হাইপোথিকেটেড পন্য নিয়মিতভাবে যাচাই করতে হবে এবং অপারেশন পরিপত্র নং-৪/৯৪, তারিখ ০৯/০১/৯৪ ও ৫/৯৫, তারিখ ১৫/০১/৯৫ এর নির্দেশনা অনুসরন করতে হবে।

(চ) অন্যান্য শর্তাবলী ঃ

(১) বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখঃ ১৯/০৭/২০২২ মোতাবেক গ্রাহক পর্যায়ে এ ঋণের সুদের হার হবে সর্বোচ্চ ৭.০০%। ঋণ হিসাবটি মঞ্জুরীপত্রের শর্তানুযায়ী পরিচালিত না হলে এবং ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগের হিসাব পরিপত্র নং-০৭/২০২০ মোতাবেক ঋণটি খেলাপী হলে খেলাপী ঋণের বিপরীতে অতিরিক্ত ২% হারে সুদারূপ করা হবে ;

(২) সর্বোচ্চ ৬ মাসের গ্রেস পিরিয়ডসহ ঋণের মেয়াদ ৫বছরের অধিক হবে না। ঋণের মেয়াদ প্রথম বিতরণের তারিখ হতে--------- বছর পর্যন্ত বলবৎ থাকবে। গ্রেস পিরিয়ড বাদে মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক ভিত্তিতে সুদসহ কিস্তি আদায়যোগ্য ;

(৪) পূর্বানুমান প্রতিবেদন (এল.এফ-৫) মোতাবেক জামানতি সম্পত্তির স্বত্ব ও মূল্য নির্ধারণ নিশ্চিত হয়ে যথাযথভাবে বন্ধক গ্রহনপূর্বক মঞ্জুরীকৃত ঋণ বিতরণযোগ্য হবে ;

(৫) প্রতিষ্ঠান, সহযোগী প্রতিষ্ঠান এবং কোম্পানীর পরিচালকদের নামে হালনাগাদ ক্লিন সিআইবি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট/স্থানীয় ব্যাংক শাখা সমূহ হতে দায়-দেনার প্রত্যয়নপত্র গ্রহন সাপেক্ষে প্রতিষ্ঠান/সহযোগী প্রতিষ্ঠান/কোম্পানীর পরিচালকদের নামে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে অনিয়মিত/শ্রেণীকৃত ঋণ নেই মর্মে নিশ্চিত হয়ে এ ঋণ বিতরণ করতে হবে ;

(৬) বিবেচ্য প্রতিষ্ঠানের মেয়াদী ঋণের চাহিদা যথাযথ ভাবে নিরূপন করা হয়েছে মর্মে শাখা কর্তৃক নিশ্চিত হতে হবে। এছাড়াও ঋণ মার্জিন অনুপাত ---------- অনুসরণ পূর্বক বিবেচ্য প্রতিষ্ঠানের অনুকূলে ঋণ বিতরন ও পরবর্তীতে মনিটরিং করতে হবে;

(৭) প্রধান কার্যালয়ের আইন বিভাগের ০৩/০৯/২০১৪ তারিখের পত্রনং প্রকা/আইন-৭৯৫(অংশ-১)/২০১৪-১৫/১৪১(১১৫০) এর নির্দেশনা অনুসরণ পূর্বক বন্ধকী দলিল সম্পাদনের পূর্বে প্রস্তাবিত জামানতি সম্পত্তি সাব-রেজিস্ট্রি অফিস হতে তল্লাশিপূর্বক দায় মুক্তির সনদপত্র গ্রহণ করতে হবে এবং বন্ধকী জমির সীমানা চিহ্নিত কাগজপত্র নথিতে সংরক্ষন করতে হবে ;

(৮) প্রকল্প/প্রতিষ্ঠানের এবং বন্ধকী সম্পত্তির দৃশ্যমান স্থানে"বাংলাদেশ কৃষি ব্যাংক, ------------ শাখায় দায়বদ্ধ"মর্মে সাইনবোর্ড লাগাতে হবে ;

(৯) প্রদানকৃত জামানত ও বন্ধকীতে প্রদত্ত পন্যের বাজার মূল্যের সাথে ১০% যোগ করে সকল প্রকার ঝুঁকির বিপরীতে ব্যাংক ও উদ্যোক্তার যৌথ নামে ব্যাংকবিধি মোতাবেক উদ্যোক্তার খরচে কম্প্রিহেনসিভ বীমা করতে হবে। এক্ষেত্রে অপারেশন পরিপত্র ৮৪/৯৫ তারিখ ০৪/০৯/১৯৯৫ এর নির্দেশনা অনুসরন করতে হবে ;

(১০) আলোচ্য প্রতিষ্ঠানের অনুকূলে অন্য ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে কোন প্রকার ঋণ গ্রহণ করলে অত্র ব্যাংকের অনাপত্তিপত্র গ্রহণ করতে হবে মর্মে প্রযোজ্য মূল্যের নন-জডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে;

(১১) এ ঋণের ক্ষেত্রে বিধি মোতাবেক সকল প্রকার চার্জ/ফি আদায় করতে হবে। এক্ষত্রে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৭/২০২১ তারিখ ২৯/০৮/২০২১ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে ;

(১২) এ ঋণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখঃ ১৯/০৭/২০২২ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নিয়মাচার আরোপযোগ্য হবে ;

(১৩) অত্র ব্যাংকের এসএমই পরিপত্র নং-২৬/২০১০ তারিখঃ ৩০/১১/২০১০ এর নীতিমালা এবং মেয়াদী ঋণ সংক্রান্ত ব্যাংকের বর্তমানে প্রচলিত এবং ভবিষ্যতে জারীতব্য সকল নিয়মাচার যথারীতি আরোপযোগ্য হবে ;

(১৪) এছাড়াও প্রযোজ্য অন্যান্য শর্তাবলী (যদি থাকে)।

কর্মকর্তা ব্যবস্থাপক